

শ্রেণি: ৬ষ্ঠ  
বিষয়: বাংলা ১ম  
কত দিকে কত কারিগর

জ্ঞানমূলক প্রশ্ন:

১. সৈয়দ শামসুল হক কত সালে জন্মগ্রহণ করেন?
২. 'লোকশিল্প' বলতে কী বুঝি?
৩. 'কত দিকে কত কারিগর' প্রবন্ধে কোন বিষয়গুলো তুলে ধরেছেন?
৪. 'মৃৎশিল্পী' অর্থ কী?
৫. বাংলাদেশে মৃৎশিল্পীদের পদবী কী?
৬. জয়নুল আবেদিন কে ছিলেন?
৭. লালন ফকির কে ছিলেন?
৮. 'পাটার কাজ' অর্থ কী?
৯. 'শিল্পী' শব্দের অর্থ কী?
১০. 'সৃষ্টি' শব্দের অর্থ কী?
১১. সৈয়দ শামসুল হক পেশায় কী ছিলেন?
১২. 'সানকি' অর্থ কী?
১৩. 'নিরাসক্ত' বলতে কী বোঝায়?
১৪. 'বেণী' অর্থ কী?
১৫. কে একজন জাতশিল্পী?
১৬. জাতশিল্পী অর্থ কী?
১৭. 'পায়ের আওয়াজ পাওয়া যায়' কোন ধরনের রচনা?
১৮. কার মুকুটটা ছাঁচে ওঠেনি?
১৯. বঙ্গবন্ধুর ছবিটি কোথায় রেখেছিলেন?
২০. কুমোরদের থামটি কেমন?
২১. সৈয়দ শামসুল হক কত সালে মৃত্যু বরণ করেন?
২২. 'একদা এক রাজ্যে' কোন ধরনের রচনা?
২৩. 'কত দিকে কত কারিগর' প্রবন্ধে জ্যাঠা কে?
২৪. সবার উপরে দুইটা ছবি ছিল কার?
২৫. পাটায় করা চিত্রে বাঁশি বাজানো ছবিটি কার?

অনুধাবন মূলক প্রশ্ন:

- ১) 'রবীন্দ্রনাথের দাড়িতে ঢেউ খেলানো' বলতে কী বোঝানো হয়েছে ব্যাখ্যা কর।
- ২) পাল মশাই একজন জাতশিল্পী ব্যাখ্যা কর।

## মাদার তেরেসা

জ্ঞানমূলক প্রশ্ন:

১. মাদার তেরেসা কত সালে জন্ম গ্রহণ করেন?
২. 'মাদার তেরেসা' প্রবন্ধটি কার লেখা?
৩. মাদার তেরেসার পারিবারিক নাম কী?
৪. মাদার তেরেসার শ্রেষ্ঠ সম্মাননা কী?
৫. 'মানবদরদি' শব্দের অর্থ কী?
৬. মাদার তেরেসা কত সালে মৃত্যুবরণ করেন?
৭. সন্জীদা খাতুন কত সালে জন্মগ্রহণ করেন?
৮. 'অতীত দিনের স্মৃতি' কার লেখা?
৯. কত বছর বয়সে মাদার তেরেসা সেন্ট লরেটো সিস্টার্স -এ যোগ দেন?
১০. মাদার তেরেসা প্রবন্ধের বিষয়বস্তু কী?

১১. মাদার তেরেসা প্রথম কত সালে ঢাকায় আসেন?
১২. 'নির্মল হৃদয়' ভবনটি কোথায় প্রতিষ্ঠিত করেন?
১৩. প্রথম বিশ্ব যুদ্ধ সংঘটিত হয় কত সাল থেকে কত সাল পর্যন্ত?
১৪. মিশনারিজ অব চ্যারিটি কী?
১৫. মাদার তেরেসা লরেটো থেকে বিদায় নেন কত সালে?
১৬. 'নবজীবন আবাসে' কারা আশ্রয় পেত?
১৭. কুষ্ঠরোগীরা কোথায় আশ্রয় পেত?
১৮. 'সাধনা' শব্দের প্রতিশব্দ কী?
১৯. 'নান' শব্দের অর্থ কী?
২০. মাদার তেরেসা কোন ধরনের লেখা?
২১. মাদার তেরেসা শিশুদের বর্ণমালা শেখাতেন কীভাবে?
২২. কত বছর বয়সে মাদার তেরেসার বাবা মারা যান?

#### অনুধাবন মূলক প্রশ্ন:

- ১) মাদার তেরেসা মানুষের মনে চিরকাল বেঁচে থাকবেন-ব্যাখ্যা কর।
- ২) 'মিশনারিজ অব চ্যারিটি' কীভাবে গড়ে ওঠে? ব্যাখ্যা কর।
- ৩) 'মাদার তেরেসা' বাংলাদেশে আসেন? ব্যাখ্যা কর।

## আকাশ

#### জ্ঞানমূলক প্রশ্ন:

১. 'আকাশ' কোন ধরনের রচনা?
২. 'আকাশ' রচনাটি কার লেখা?
৩. 'জলীয়বাপ' কী?
৪. 'ভূ-পৃষ্ঠ' শব্দের অর্থ কী?
৫. আবদুল্লাহ আর-মুতী কত সালে জন্মগ্রহণ করেন?
৬. লেবায়ুমন্ডলে কতগুলো গ্যাস রয়েছে?
৭. লেখক আবদুল্লাহ আল-মুতী কোন ধরনের সাহিত্যিক?
৮. বাতাসের প্রধান উপাদান কোনটি?
৯. 'চাঁদোয়া' শব্দের অর্থ কী?
১০. 'সাগরের রহস্যপুরী' কোন ধরনের রচনা?
১১. আবদুল্লাহ আল-মুতী কোথায় জন্মগ্রহণ করেন?
১২. আবদুল্লাহ আল-মুতী বিজ্ঞান সাধনার জন্য কোন পুরস্কার পান?
১৩. 'সচরাচর' শব্দের অর্থ কী?
১৪. 'আকাশ' প্রবন্ধের মূল বিষয়বস্তু কী?
১৫. 'তেরছা' শব্দের অর্থ কী?
১৬. 'হরহামেশা' শব্দের অর্থ কী?
১৭. মহাকাশযান পৃথিবীর কত উপর দিয়ে ঘুরছে?
১৮. সকাল ও সন্ধ্যায় আকাশ কেমন দেখায়?
১৯. সাদা মেঘে কী রয়েছে?
২০. কালো চাঁদোয়ার গায়ে কী জ্বলতে থাকে?

#### অনুধাবন মূলক প্রশ্ন:

- ১) সকাল ও সন্ধ্যায় আকাশ লাল কেন দেখায়? ব্যাখ্যা কর।
- ২) আকাশের রং এক রকম থাকেনা কেন? ব্যাখ্যা কর।
- ৩) পৃথিবীর বায়ুমন্ডলের ঢাকনা বলতে কোনটি বোঝানো হয়েছে?

## মুজিব

### জ্ঞানমূলক প্রশ্ন:

১. বঙ্গবন্ধু কীসের ছুপতি?
২. সবখানে কার ঘর আছে?
৩. 'মুজিব' কবিতাটি কার লেখা?
৪. কী দেখে শেখ মুজিবের হাসির কথা মনে পরে যায়?
৫. কত সালে রোকনুজ্জামান খান জন্মগ্রহণ করেন?
৬. দাদা ভাই 'কচিকাঁচার মেলা' গঠন করেন কত সালে?
৭. দাদা ভাইয়ের সম্পাদিত শিশু পত্রিকাটির নাম কী?
৮. দৈনিক ইত্তেফাকের শিশু বিভাগটির নাম কী?
৯. কবিতা অনুযায়ী বঙ্গবন্ধুর ঘর কোথায়?
১০. চিরশিশু কাকে বলা হয়?

### অনুধাবন মূলক প্রশ্ন:

১. 'মুজিব আয় ঘরে ফিরে আয়' ব্যাখ্যা কর।
২. 'সব খানে আছে বঙ্গবন্ধু শেখ মুজিবের ঘর' ব্যাখ্যা কর।
৩. বঙ্গবন্ধুকে কেন স্বাধীন বাংলার ছুপতি বলা হয়? ব্যাখ্যা কর।
৪. 'শিশু হয়ে হাসে চিরশিশু মুজিবর'-এ চরণে চিরশিশু বলতে কী বোঝানো হয়েছে?

## বাঁচতে দাও

### জ্ঞানমূলক প্রশ্ন:

১. প্রতিদিন কে আলোর খেলা খেলছে?
২. রঙিন ঘুড়ির পেছনে কে ছোট্টে?
৩. বালক কিসের পেছনে ছোট্টে?
৪. পানকৌড়ি কোথায় সুখে নাইছে?
৫. নরম রোদে কে নাচ জুড়েছে?
৬. কবি কাকে বাঁচতে দিতে বলেছেন?
৭. আকাশের রং কী?
৮. সোনালি চিল কোথায় পাখা মেলছে?
৯. 'বাঁচতে দাও' কবিতাটি কার লেখা?
১০. শিশু বালির উপর আঁকছে কেন?
১১. 'গাঙ' শব্দটির অর্থ কী?
১২. ঘুঘু কখন ডাকে?
১৩. কবি শামসুর রহমান কত সালে জন্মগ্রহণ করেন?
১৪. কবি বাঁচতে দাও কবিতায় কী বোঝাতে চেয়েছেন?
১৫. 'এলাটিং বেলাটিং' কার লেখা?
১৬. 'গহিন' শব্দের অর্থ কী?
১৭. কবি শামসুর রহমান কত সমালে মৃত্যু বরণ করেন?
১৮. কবি শামসুর রহমান কত দিন ধরে 'দৈনিক বাংলা'র সম্পাদক ছিলেন?

### অনুধাবন মূলক প্রশ্ন:

১. 'শিশু, পাখি, ফুলের কুড়ি সবাইকে আজ বাঁচতে দাও'। বুঝিয়ে লিখ।
২. 'বালির ওপর কত কিছু আঁকছে শিশু' এর মধ্য দিয়ে কবি কী বোঝাতে চেয়েছেন?